

M-12/EVEN/BNGP-201/004

২০১২

স্নাতক : দ্বিতীয় ষাণ্মাসিক পর্ব, ২০১২

ঐচ্ছিক বাংলা

পাঠক্রম নং : BNGP-201

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) এবং ছন্দ ও অলংকার]

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পার্ব্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

১। (ক) রাজা রামমোহন কিসের বশবর্তী হয়ে বাংলা গদ্যে কলম ধরেছিলেন? তাঁর সম্পাদিত দুটি সাময়িকপত্রের নাম লেখো এবং বাংলা গদ্যে তাঁর অবদান সম্পর্কে আলোচনা করো।

২+২+১০=১৪

অথবা

(খ) উনিশ শতকে বাংলা নাটকের উৎপত্তি ও ক্রমবিকাশের ধারায় প্রধান দুজন নাট্যকারের নাম উল্লেখ করো। তাঁদের যে কোনো একটি করে নাটকের নাম লেখো এবং যে কোনো একজন নাট্যকার প্রসঙ্গে বিস্তৃত পরিচয় দাও।

২+২+১০=১৪

অথবা

(গ) বাংলা কাব্য জগতে মাইকেল মধুসূদন দত্ত কোন ছন্দটি প্রবর্তন করেন? ছন্দটি তাঁর কোন কাব্যে প্রথম প্রকাশিত হয়? উনিশ শতকের একজন শ্রেষ্ঠ কবি হিসেবে তাঁর পরিচয় দাও।

১+১+১২=১৪

২। (ক) বাংলা সাহিত্যে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের দুখানি উপন্যাসের নাম উল্লেখ করো এবং ঔপন্যাসিক হিসেবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও।

২+১২=১৪

অথবা

(খ) বঙ্কিমচন্দ্রের যে কোনো দুটি বাংলা প্রবন্ধ গ্রন্থের নাম উল্লেখ করো এবং সাহিত্যে তাঁর অবদানের স্বরূপ নির্ণয় করো।

২+১২=১৪

অথবা

(গ) রবীন্দ্রনাথ রচিত যে কোনো দুটি রূপক ও সাক্ষেতিক নাটকের নাম লেখো এবং এই পর্যায়ে নাট্যকারের অবদান আলোচনা করো।

২+১২=১৪

৩। (ক) তানপ্রধান ছন্দের সংজ্ঞা নির্দেশ করো এবং উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলো লিপিবদ্ধ করো।

৩+৯=১২

অথবা

(খ) ছন্দোলিপি প্রস্তুত কর (যে কোনো দুটি) :

৬X ২=১২

(অ) বাপ শুনে কয় বুক ফুলিয়ে গর্ব করি নেকো।

কিন্তু তবু আমার মেয়ে সেটা স্মরণ রেখো।।

(আ) দেশ দেশ নন্দিত করি মন্দিত তব ভেরী

আসিল যত বীরবৃন্দ আসন তব ঘেরি।

(ই) যার ভয়ে তুমি ভীত সে অন্যায় ভীকু তোমা চেয়ে।

যখনি জাগিবে তুমি তখনি সে পলাইবে ধেয়ে।।

(ঈ) ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর

যা কিছু হারায় গিল্মি বলেন কেটা বেটাই চোর।

৪। (ক) যে কোনো দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো: ৫X ২=১০  
অনুপ্রাস; উপমা; যমক; সন্দেহ; সমাসোক্তি; বিভাবনা।

অথবা

(খ) অলংকার নির্ণয় করো (যে কোনো দুটি) :

৫X ২=১০

(অ) তোমারে যে ছেড়ে যাই সে তোমারি প্রেমে।

(আ) বসিলা যুবতী

পদতলে, আহা মরি, সুবর্ণ দেউটি

তুলসীর মূলে যেন জ্বলিল।

(ই) তারাই আজি নিঃস্ব দেশে কাঁদিছে হয়ে অন্নহারা ;

দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা!

\*\*\*

12J-5450/2157

M-12/EVEN/BNGP-201/004